

পেমেন্ট সিস্টেমস্ ডিপার্টমেন্ট
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা

পিএসডি সার্কুলার নং : ১০/২০২১

১৮ অক্টোবর, ২০২১
তারিখ : -----
০২ কার্তিক, ১৪২৮

ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক/মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিসেস প্রোভাইডার/
পেমেন্ট সার্ভিস প্রোভাইডার/পেমেন্ট সিস্টেম অপারেটর

প্রিয় মহোদয়,

দেশের অভ্যন্তরে NPSB ও কার্ড স্কিম সমূহের মাধ্যমে সম্পাদিত লেনদেনসমূহের জন্য ফি/চার্জ নির্ধারণ প্রসঙ্গে।

দেশের অভ্যন্তরে National Payment Switch Bangladesh (NPSB) ও International Payment Scheme (IPS) সমূহের মাধ্যমে সম্পাদিত ইলেক্ট্রনিক লেনদেনের জন্য ফি/চার্জ পরবর্তী নির্দেশনা না দেওয়া পর্যন্ত নিম্নরূপে নির্ধারণ করা হলোঃ

২। Automated Teller Machine (ATM):

২.১) NPSB এর আওতায় একটি ব্যাংকের গ্রাহক ভিন্ন ব্যাংকের ATM ব্যবহার করে নগদ অর্থ উত্তোলনের ক্ষেত্রে লেনদেন প্রতি সার্ভিস চার্জ সর্বোচ্চ ২০.০০ (বিশ) টাকা (ভ্যাট অন্তর্ভুক্ত), স্থিতি অনুসন্ধানের জন্য সর্বোচ্চ ৫.০০ (পাঁচ) টাকা (ভ্যাট অন্তর্ভুক্ত) এবং ক্ষুদ্রে বিবরণীর জন্য সর্বোচ্চ ৫.০০ (পাঁচ) টাকা (ভ্যাট অন্তর্ভুক্ত), তহবিল স্থানান্তরের জন্য সর্বোচ্চ ১০.০০ (দশ) টাকা (ভ্যাট অন্তর্ভুক্ত) এবং নগদ অর্থ জমার জন্য সর্বোচ্চ ২০.০০ (বিশ) টাকা (ভ্যাট অন্তর্ভুক্ত); এই চার্জ কার্ড ইস্যুয়িং ব্যাংক/প্রতিষ্ঠান এ্যাকোয়ারিং ব্যাংক/প্রতিষ্ঠানকে প্রদান করবে;

২.২) নগদ অর্থ উত্তোলন ব্যতীত উপর্যুক্ত ২.১ নং ক্রমিকে বর্ণিত অন্যান্য লেনদেনের সার্ভিস চার্জ বাবদ উল্লিখিত সম্পূর্ণ অর্থ কার্ড ইস্যুয়িং ব্যাংক/প্রতিষ্ঠান তাদের গ্রাহকের নিকট হতে আদায় করতে পারবে; তবে নগদ অর্থ উত্তোলনের ক্ষেত্রে ইস্যুয়িং ব্যাংক/প্রতিষ্ঠান সর্বোচ্চ ১৫ (পনের) টাকা (ভ্যাট অন্তর্ভুক্ত) গ্রাহকের নিকট হতে আদায় করতে পারবে;

৩। Point of Sale (POS):

৩.১) NPSB এর আওতায় এক ব্যাংকের গ্রাহক অন্য ব্যাংকের POS ব্যবহার করে মার্চেন্ট পেমেন্ট-এর ক্ষেত্রে এ্যাকোয়ারিং ব্যাংক/প্রতিষ্ঠান মার্চেন্ট হতে মোট লেনদেনের অনূন ১.৬% (এক দশমিক ছয় শতাংশ) Merchant Discount Rate (MDR) বাবদ আদায় করবে, যার মধ্য হতে Interchange Reimbursement Fee (IRF) বাবদ ১.১% (এক দশমিক এক শতাংশ) কার্ড ইস্যুয়িং ব্যাংক/প্রতিষ্ঠানকে প্রদান করবে;

৩.২) উপর্যুক্ত ৩.১ নং ক্রমিকে বর্ণিত লেনদেনের ক্ষেত্রে IPS-সমূহের নেটওয়ার্ক ব্যবহৃত হলে কার্ডের ধরনভেদে IRF বাবদ উল্লিখিত চার্জের অতিরিক্ত ০.২% (শূন্য দশমিক দুই শতাংশ) হারে ফি ধার্য করতে পারবে;

৩.৩) দেশের অভ্যন্তরে POS ব্যবহার করে নগদ অর্থ উত্তোলনের ক্ষেত্রে লেনদেন প্রতি সার্ভিস চার্জ সর্বোচ্চ ২০.০০ (বিশ) টাকা (ভ্যাট অন্তর্ভুক্ত) নির্ধারণ করা হলো, যা গ্রাহকের নিকট হতে আদায়যোগ্য; এই চার্জ কার্ড ইস্যুয়িং ব্যাংক/প্রতিষ্ঠান এ্যাকোয়ারিং ব্যাংক/প্রতিষ্ঠানকে প্রদান করবে;

৩.৪) উপর্যুক্ত ৩.১ নং ক্রমিকে বর্ণিত ফি/সার্ভিস চার্জ কোনভাবেই গ্রাহকের নিকট আদায় করা যাবে না; বিষয়টি এ্যাকোয়ারিং ব্যাংক/প্রতিষ্ঠান নিশ্চিত করবে;

৪। ইন্টারনেট ব্যাংকিং ফান্ড ট্রান্সফার (IBFT):

NPSB এর আওতায় এক ব্যাংকের গ্রাহক ইন্টারনেট ব্যাংকিং ফান্ড ট্রান্সফার পদ্ধতি ব্যবহার করে ভিন্ন ব্যাংকে তহবিল স্থানান্তরের ক্ষেত্রে লেনদেন প্রতি সার্ভিস চার্জ সর্বোচ্চ ১০.০০ (দশ) টাকা (ভ্যাট অন্তর্ভুক্ত) নির্ধারণ করা হলো; যা অরিজিনেটিং ব্যাংক তাদের গ্রাহকের নিকট হতে আদায় করতে পারবে;

৫। Bangla QR:

৫.১) দেশের অভ্যন্তরে Not “On-us” Bangla QR লেনদেনের ক্ষেত্রে ব্যক্তিক রিটেইল হিসাবে মার্চেন্ট (Micro Merchant) পেমেন্ট-এর জন্য এ্যকোয়ারিং ব্যাংক/প্রতিষ্ঠান মার্চেন্ট হতে মোট লেনদেনের অনূন ০.৭% (শূন্য দশমিক সাত শতাংশ) Merchant Discount Rate (MDR) আদায় করবে, যার মধ্য হতে ০.৪% (শূন্য দশমিক চার শতাংশ) Interchange Reimbursement Fee (IRF) বাবদ কার্ড ইস্যুয়িং ব্যাংক/প্রতিষ্ঠানকে প্রদান করবে;

৫.২) দেশের অভ্যন্তরে Not “On-us” Bangla QR লেনদেনের ক্ষেত্রে ব্যক্তিক রিটেইল হিসাব ব্যতীত অন্যান্য মার্চেন্ট পেমেন্ট-এর জন্য ৩.১ নং ক্রমিকে বর্ণিত MDR ও IRF কার্যকর হবে;


৬। সরকারি চালান:

৬.১) কার্ডের মাধ্যমে সরকারি পরিষেবার মূল্য পরিশোধের ক্ষেত্রে Merchant Category Code (MCC)- 9211 (Court costs including alimony and child support), MCC-9222 (Fines), MCC-9311 (Tax payments)-এ প্রদেয় পরিষেবাসমূহ ব্যতীত অন্যান্য সরকারি পরিষেবার বিপরীতে চালান পরিশোধের ক্ষেত্রে MCC-9399 ব্যবহৃত হবে এবং MCC-9399 এর বিপরীতে কোন চার্জব্যাক প্রযোজ্য হবে না;

৬.২) MCC-9399 এর বিপরীতে সংঘটিত কার্ড লেনদেনের ক্ষেত্রে বাংলাদেশে ইস্যুকৃত কার্ডের জন্য ২৫,০০০ (পঁচিশ হাজার) টাকা পর্যন্ত পরিশোধের ক্ষেত্রে এ্যকোয়ারিং ব্যাংক/প্রতিষ্ঠান গ্রাহকের নিকট হতে লেনদেন প্রতি সর্বোচ্চ ২০ (বিশ) টাকা (ভ্যাট অন্তর্ভুক্ত) আদায় করবে, যার মধ্যে ৫ (পাঁচ) টাকা (ভ্যাট অন্তর্ভুক্ত) কার্ড ইস্যুয়িং ব্যাংক/প্রতিষ্ঠানকে প্রদান করবে। ২৫,০০০ (পঁচিশ হাজার) টাকার উর্ধ্বে এ জাতীয় লেনদেনের ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যাংকসমূহের প্রচলিত ফি/চার্জ প্রযোজ্য হবে।

এই নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ মেজবাবুল হক)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০১৭৪